



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
প্রশিক্ষণ শাখা
www.dol.gov.bd

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৬.৪৭.০০২.২১.২৬৩

তারিখ: ২৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: myGov প্ল্যাটফর্মের মাধ্যমে ড্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদানের জন্য প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শ্রমসহায় উন্নয়নে বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত রোডম্যাপ/জাতীয় কর্মপরিকল্পনার অ্যাকশন পয়েন্ট(2.1/4.1) [Overhaul The Existing Online Registration System] বাস্তবায়নের বিষয় রয়েছে। ইতোমধ্যে শ্রম অধিদপ্তরে চালুকৃত অনলাইন ড্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন সিস্টেমটি মাইগভ টু ই নথি সিস্টেমে ইন্টিগ্রেটেড ফলে আবেদনকারীর সাথে ড্রেড ইউনিয়ন আবেদন নিষ্পত্তি প্রক্রিয়ায় ১ বারের বেশি যোগাযোগ সম্ভব হতো না। সে প্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের a2i এর টেকনিক্যাল সহযোগিতায় myGov প্ল্যাটফর্মের (ওয়ার্কফ্লো ইঞ্জিন) এর মাধ্যমে শ্রম অধিদপ্তরের অনলাইন ড্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদান সংক্রান্ত সিস্টেম (আবেদন দাখিল হতে সার্টিফিকেট বিতরণসহ) প্রস্তুত করা হয়েছে।

অধিকন্তু, myGov প্ল্যাটফর্মের মাধ্যমে ড্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশনের বিষয়ে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের ৫০ জন কর্মকর্তা/কর্মচারীকে ৩ দিন ব্যাপী একটি ইন হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এছাড়াও বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর বিধি ১৬৭ এর উপবিধি ৭ অনুযায়ী অনলাইনে ড্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন সংক্রান্ত নিম্নরূপ বিধান রয়েছে “রেজিস্ট্রেশন আবেদন হইতে রেজিস্ট্রেশন প্রদান পর্যন্ত এতদসংশ্লিষ্ট সকল কার্যক্রম কম্পিউটার যোগে ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে অনলাইনে করা যাইবে, তবে এ ক্ষেত্রে সকল কার্যক্রমের একটি মুদ্রিত কপি সংরক্ষণ করিতে হইবে।”

উল্লেখ্য গত ১০/১০/২০২৩ খ্রি: তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় a2i প্রতিনিধি কর্তৃক myGov প্ল্যাটফর্মের মাধ্যমে অনলাইন ড্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন এর বিষয়টি উপস্থাপন করা হয়।

এমতাবস্থায়, শ্রম অধিদপ্তর কর্তৃক myGov প্ল্যাটফর্মের মাধ্যমে ড্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন এর আবেদন নিষ্পত্তির বিষয়ে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য মহোদয়ের নিকট বিনীতভাবে অনুরোধ করা হলো।

১৪-১১-২০২৩

খালেদ মামুন চৌধুরী এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

০২২২৬৬৬৩৫০১ (ফোন)

dg@dol.gov.bd

সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

স্মারক নম্বর:

তারিখ: ২৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ২। পরিচালক, পরিচালক (ট্রেড ইউনিয়ন ও সালিশী), শ্রম অধিদপ্তর ;
- ৩। পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা;
- ৪। উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর ফরিদপুর / ময়মনসিংহ / কুমিল্লা / রংপুর / বগুড়া / দিনাজপুর / বরিশাল / কুষ্টিয়া / সিলেট। এবং
- ৫। অফিস কপি।



মুহাম্মদ নাসির উদ্দিন

১৪-১১-২০২৩
মুহাম্মদ নাসির উদ্দিন
পরিচালক